তারিখ ... 19 OCT 2015 ...
পৃষ্ঠা ... ১৯ ... কলাম ... ৫ ...

সমকাল

# কুর্মিটোলা হাসপাতাল ও আর্মড ফোর্সের মেডিকেল কলেজ একীভূত

■ সমকাল প্রতিবেদক

রাজধানীর কুর্মিটোলা জেনারেল হাসপাতাল ও আর্মড ফোর্সেস মেডিকেল কলেজের একসঙ্গে পথচলা শুরু হলো। এখন থেকে এ দুটি প্রতিষ্ঠান একীভূত হয়ে চিকিৎসা ও শিক্ষা নিশ্চিত করবে। গতকাল রোববার কুর্মিটোলা হাসপাতাল মিলনায়তনে এ বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. দীন মো. নুরুল হক এবং সামরিক চিকিৎসা অধিদপ্তরের মহাপরিচালক মেজর জেনারেল রবিউল হোসেইন সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এর আগে পাঁচশ' শয্যার কুর্মিটোলা জেনারেল হাসপাতাল স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে এবং আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে ছিল।

সমঝোতা স্মারক অনুযায়ী আর্মড ফোর্সেস মেডিকেল কলেজের সহকারী অধ্যাপক থেকে অধ্যাপক পর্যায়ের চিকিৎসকরা কুর্মিটোলা জেনারেল হাসপাতালের রোগীদের চিকিৎসা ও চিকিৎসকদের প্রশিক্ষণের কাজে সম্পৃক্ত হবেন। চিকিৎসকদের স্নাতকোত্তর প্রশিক্ষণের পাশাপাশি কলেজ থেকে পাসকৃত শিক্ষার্থীরা ইন্টার্ন এবং তৃতীয় বর্ষ থেকে শিক্ষার্থীরা হাসপাতাল থেকে ক্লিনিক্যাল প্রশিক্ষণ পাবেন। অধ্যাপকরা যোগদানের পর হাসপাতালে নেফ্রোলজি, বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি, মনোরোগ, রক্ত পরিসঞ্চালন বিভাগসহ আরও নতুন বিভাগ চালু করা হবে। কলেজের ফরেনসিক মেডিসিন বিভাগের সহায়তায় ■ পৃষ্ঠা ৪ : কলাম ৪

## কুর্মিটোলা

● [১৯ পৃষ্ঠার পর]

হাসপাতালে স্থাপিত আধুনিক মরচুয়ারি এবং ময়নাতদন্ত শুরু হবে। কুর্মিটোলা জেনারেল হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সাইদুর রহমানের সভাপতিত্বে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। বিশেষ অতিথি ছিলেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক ও সেনাবাহিনীপ্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে হাসপাতালটির পূর্ণাঙ্গভাবে যাত্রা শুরুর ঘোষণা দিয়ে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, সাধারণ মানুষের চিকিৎসাসেবা নিশ্চিত করার পাশাপাশি মেডিকেল শিক্ষার প্রসারের কথা চিন্তা করে প্রতিষ্ঠান দুটিকে একীভূত করা হয়েছে।

একীভূত হয়ে দুটি প্রতিষ্ঠানের যাত্রা শুরুর ঘটনাকে ঐতিহাসিক উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, সাধারণ মানুষের কাছে হাসপাতালটির পরিচিতি কম। এ কারণে পাঁচশ শয্যার এই হাসপাতালে চিকিৎসার সব সুবিধা থাকার পরও গ্রামাঞ্চলের মানুষ ঢাকা, সোহরাওয়ার্দীসহ অন্যান্য মেডিকেল কলেজ ও বিশেষায়িত হাসপাতালে ভিড় করেন। কুর্মিটোলা জেনারেল হাসপাতালে সব রোগের চিকিৎসা পাওয়া যায়, তা জানলে রোগীরা এ হাসপাতালমুখী হবেন বলে আশা প্রকাশ করেন তিনি।

অনুষ্ঠানে সেনাবাহিনীপ্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক বলেন, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ ও কুর্মিটোলা জেনারেল হাসপাতাল একীভূত হওয়ার মধ্য দিয়ে সশস্ত্র বাহিনী সাধারণ মানুষের স্বাস্থ্যসেবা দেওয়ার সুযোগ পেল। সশস্ত্র বাহিনী দেশরক্ষার পাশাপাশি স্বাস্থ্যসেবাসহ বিভিন্ন সেবামূলক কাজে আত্মনিয়োগ করবে। হাসপাতালে দরিদ্র মানুষের সুচিকিৎসা নিশ্চিত করতে সংশ্লিষ্টদের আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কাজী হাবিবুল আউয়াল, স্বাস্থ্য সচিব সৈয়দ মনজুরুল ইসলাম, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজের কমান্ড্যান্ট মেজর জেনারেল জাহাঙ্গীর হোসেন মল্লিকসহ মন্ত্রণালয় ও সেনাবাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।